গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট
www.dakshinsurma.sylhet.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৩১.০০০.০০২.০১৩.১৯.২৩৮ তারিখ: ১৭ মার্চ, ২০২৫

বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের মার্চ/২০২৫ মাসের মাসিক সভা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দক্ষিণ সুরমা উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

| সভা | সভার প্রকৃতি | তারিখ | সময় | সভাপতি |
|---|---|---|---|---|
| উপজেলা পরিষদের সভা | মাসিক সভা | ১৯/০৩/২০২৫ | বেলা ১২:৩০ ঘটিকা | প্রশাসক<br>উপজেলা পরিষদ<br>দক্ষিণ সুরমা, সিলেট |

কমিটির সম্মানিত সদস্যগণকে সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৭/০৩/২৫

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট
ফোন: ০২৯৯৬৬৮৬৯৯৩
unosouthshurma@mopa.gov.bd

বিতরণ :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট
২. উপজেলা.................................... অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট
৩. সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪. চেয়ারম্যান......................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট
৫. জনাব/বেগম.............................................দক্ষিণ সুরমা, সিলেট

সদয় জ্ঞাতার্থে
জেলা প্রশাসক, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.sylhet.gov.bd

**মার্চ/২০২৫ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ১৯/০৩/২০২৫, দুপুর ১২:৩০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |
| সভাপতি | : উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ফেব্রুয়ারি/২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** ফেব্রুয়ারি/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিয়ে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (থোক বরাদ্দ ও উন্নয়ন তহবিল/রাজস্ব উদ্বৃত্ত) হতে গৃহীত প্রকল্পের প্যাকেজসমূহ টেন্ডারের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের বিল বাবদ দৈনিক আমার দেশ পত্রিকার বিল ২৮,৯৮০/- (আটাশ হাজার নয়শত আশি) টাকা, দি ডেইলি স্টার পত্রিকার বিল ১৫,৫২১/- (পনের হাজার পাঁচশত একুশ) টাকা ও শুভ প্রতিদিন, সিলেট পত্রিকার বিল ১১,২৭০/- (এগার হাজার দুইশত সত্তর) টাকা প্রয়োজন।

(খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) হতে গৃহীত প্রকল্প রিটেন্ডারের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের বিল বাবদ দৈনিক ইনকিলাব পত্রিকার বিল ১২,৪২০/- (বার হাজার চারশত বিশ) টাকা, দি বিজনেস স্ট্যান্ডার্ড পত্রিকার বিল ৬,১৫৫/- (ছয় হাজার একশত পচান্ন) টাকা ও দৈনিক শ্যামল সিলেট পত্রিকার বিল ৪,৪৯৬/- (চার হাজার চারশত ছিয়ানব্বই) টাকা প্রয়োজন।

(গ) উপজেলা নির্বাহী অফিসারের বাংলো অফিসের দুইটি কক্ষ রংকরণ বাবদ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা প্রয়োজন।

(ঘ) উপজেলা পরিষদের ২০৪ নং কক্ষের সামনে নেইম প্লেইট স্থাপন বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রয়োজন।

সিদ্ধান্ত-১: (ক) ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (থোক বরাদ্দ ও উন্নয়ন তহবিল/রাজস্ব উদ্বৃত্ত) হতে গৃহীত প্যাকেজসমুহ টেন্ডারের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের বিল বাবদ দৈনিক আমার দেশ পত্রিকার বিল ২৮,৯৮০/- (আটাশ হাজার নয়শত আশি) টাকা, দি ডেইলি স্টার পত্রিকার বিল ১৫,৫২১/- (পনের হাজার পাঁচশত একুশ) টাকা ও শুভ প্রতিদিন, সিলেট পত্রিকার বিল ১১,২৭০/- (এগার হাজার দুইশত সত্তর) টাকা রাজস্ব তহবিলের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনট বিল, সংবাদপত্রের বিজ্ঞপ্তির বিল ইত্যাদি পরিশোধ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) হতে গৃহীত প্রকল্প রিটেন্ডোরের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের বিল বাবদ দৈনিক ইনকিলাব পত্রিকার বিল ১২,৪২০/- (বার হাজার চারশত বিশ) টাকা, দি বিজনেস স্ট্যান্ডার্ড পত্রিকার বিল ৬,১৫৫/- (ছয় হাজার একশত পচাম্ন) টাকা ও দৈনিক শ্যামল সিলেট পত্রিকার বিল ৪,৪৯৬/- (চার হাজার চারশত ছিয়ানব্বই) টাকা রাজস্ব তহবিলের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনট বিল, সংবাদপত্রের বিজ্ঞপ্তির বিল ইত্যাদি পরিশোধ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা নির্বাহী অফিসারের বাংলো অফিসের দুইটি কক্ষ রংকরণ বাবদ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা পরিষদের ২০৪ নং কক্ষের সামনে নেইম প্লেইট স্থাপন বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, প্রত্যেকটা প্রজেক্টে সাইন বোর্ড লাগানোর নির্দেশনা রয়েছে। এই বিষয়টি যথাযথভাবে পালন করার জন্য তিনি সকল জনপ্রতিনিধিদের অনুরোধ করেন।

০৪। **স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৬। **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার জানান যে, ১০০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে ৫কেজি করে আউস ধানের বীজ, ১০ কেজি করে ডিএপি ও ১০ কেজি করে এমওপি সার বিতরণ করা হয়েছে।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৮। **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৯। **শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বই বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, জানুয়ারি হতে মার্চ পর্যন্ত বিভিন্ন ভাতার বরাদ্দ পাওয়া গিয়েছে। তাছাড়া প্রতিবন্ধী ভাতার জন্য আবেদনের সময়সীমা ১৫ এপ্রিল পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

১২। **সমবায় বিভাগ:** অনুপস্থিত।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মা ও শিশু সহায়তা প্রকল্পের তালিকার হার্ড কপি অবশ্যই উপজেলায় প্রেরণ করতে হবে।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : সহকারী প্রকৌশলী জানান যে, প্রস্তাবিত গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৪টি কমিউনিটি টয়লেট বরাদ্দ পাওয়া গিয়েছে। জনসমাগম স্থলে কমিউনিটি টয়লেট স্থাপনের জন্য ২০ ফুট x ২০ ফুট স্থান নির্বাচন করতে হবে। জমির প্রাপ্যতার বিষয়ে জমির মালিকের লিখিত সম্মতি নিশ্চিত করতে হবে। তালিকায় উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদন থাকতে হবে। এমতাবস্থায়, ০৪টি কমিউনিটি টয়লেট স্থাপনের স্থান নির্বাচনের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : অনুপস্থিত।

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য** : উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য ইউ/পি চেয়ারম্যানগণ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। এডিপি থেকে গৃহীত প্রকল্পগুলো দ্রুত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০৩/২৫

উর্মি রায়
প্রশাসক
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৪.৩১১ তারিখঃ ১৯ মার্চ, ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী ........................................................................................সিলেট।
৭। উপ-পরিচালক ...............................................................................................সিলেট।
৮। উপজেলা ........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
৯। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১০। চেয়ারম্যান ..............................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১১। জনাব/বেগম.................................. সদস্য..........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৩নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট<br>৯। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট<br>২। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট |